# উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির কার্য বিবরণী ঃ-

সভাপতির নামঃ ঃ জনাব তিথি মিত্র
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থানঃ ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

তারিখ ও সময়ঃ ঃ ১২/০৩/২০২৫ খ্রিঃ তারিখ, দুপুর : ১২.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক দেখানো হলো

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা এ্যাজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

অতপরঃ সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা, চুয়াডাঙ্গা, উপপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা মহোদয়ের ০৯/০৩/২০২৫ খ্রিঃ তারিখের ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৫/২২৩(১৪) নং স্মারকমূলে দামুড়হুদা উপজেলার (প্রান্তিক ও ক্ষুদ্র) কৃষকদের জন্য প্রনোদনা সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করে শুনান। উপজেলা কৃষি অফিসার জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিফ-১ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রনোদনা কর্মসূচীর আওতায় ৮০(আঁশি) জন কৃষকের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচীর আওতায় দামুড়হুদা উপজেলার অনুকূলে ৮০(আশি) বিঘা জমিতে উচ্চ ফলনশীল গ্রীষ্মকালীন মুগ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রনোদনা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। ৮০(আশি) জন উপকারভোগী কৃষক পরিবার ১ (এক) বিঘার জন্য ৫ (পাঁচ) কেজি বীজ, ১০(দশ) কেজি ডিএপি, ৫(পাঁচ) কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘার জমি জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। কৃষক প্রতি মিনি প্যাকের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ১০(দশ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০(পঞ্চাশ) কেজি বীজ, ১০০(একশত) কেজি ডিএপি, ও ৫০(পঞ্চাশ) কেজি এমওপি সার বিতরণ করতে হবে। কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর দপ্তর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সভায় প্রনোদনা প্যাকেজ ২০২৪-২০২৫ অর্থবছরে খরিফ-১ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ এর নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত -০১</u>**

উপজেলায় ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় গত বছরের গ্রীষ্মকালীন মুগ আবাদের অর্জিত মাত্রার উপর ভিত্তি করে বর্তমান বছরে খরিফ-১ মৌসুমে প্রণোদনার বিভাজন করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাজন নিম্নরূপঃ-

| ক্রমিক নং | ইউনিয়ন | মোট প্রান্তিক/ ক্ষুদ্র কৃষকের সংখ্যা | মোট বীজের পরিমান (কেজি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জুড়ানপুর | ১০ | ৫০ | আবাদী জমি ও কৃষকের চাহিদার ভিত্তিতে |
| ২ | নতিপোতা | ৫ | ২৫ | |
| ৩ | নাটুদহ | ৫ | ২৫ | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ১০ | ৫০ | |
| ৫ | কুড়ুলগাছি | ৫ | ২৫ | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ১০ | ৫০ | |
| ৭ | হাউলী | ১০ | ৫০ | |
| ৮ | দামুড়হুদা | ২০ | ১০০ | |
| ৯ | দর্শনা পৌরসভা | ৫ | ২৫ | |
| | মোটঃ | ৮০ জন | ৪০০ কেজি | |

**<u>সিদ্ধান্ত -০২</u>**

সংশিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা, প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন।

**<u>সিদ্ধান্ত -০৩</u>**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত -০৪</u>**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর "কৃষক তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা **সফটকপি** উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট **ই-মেইল** এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক যারা গ্রীষ্মকালীন মুগ আবাদে আগ্রহী কেবল মাত্র তাদের তালিকায় অর্ন্তভূক্ত করতে হবে।
খ) পরবর্তীতে চাহিদার ভিত্তিতে কৃষক তালিকা সমন্বয় করা যেতে পারে।
গ) কৃষকের জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।
ঘ) ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

**<u>সিদ্ধান্ত -০৫</u>**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়, কুষ্টিয়া অঞ্চল, কুষ্টিয়া এর স্মারক নং-৪৮১, তারিখঃ ০৩/০৩/২০২৫খ্রিঃ মোতাবেক প্রণোদনার জন্য প্রয়োজনীয় গ্রীষ্মকালীন মুগ বীজ সরবরাহ করা সম্ভব হচ্ছে না মর্মে চিঠি প্রেরণ করেছেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তালিকাভূক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে গ্রীষ্মকালীন মুগ বীজ সংগ্রহ করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত -০৬</u>**

২০২৪-২০২৫ অর্থবছরে খরিফ-১ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ প্রনোদনার বীজ, সার ও আনুসাংগিক ব্যয় বাবদ কৃষি পুনর্বাসন সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন ও দেওয়া হয়।

কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- সদস্য |

* বিভাজন-ক ২০২৪-২৫ অর্থবছরে খরিফ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ আবাদ বৃদ্ধির নিমিত্তে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা কৃষি প্রনোদনা কর্মসূচী বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারী বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানো সহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

২১/০৩/২৫
(তিথি মিত্র)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.১৬.১৮৩১.০০০.১৬.০০২.২৫/২২৫ (২৫) তারিখঃ- ১২/০৩/২০২৫ খ্রি.।

সদয় জ্ঞাতার্থে ঃ-

১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

২) উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

১) মেয়র, দর্শনা পৌরসভা।

২-৮) চেয়ারম্যান (সকল) ..................................ইউপি।

৯-২৫) **উপসহকারী কৃষি কর্মকর্তা**, (সকল) জনাব ......................................ব্লক.........................। আপনাকে প্রণোদনা প্যাকেজের আওতায় “কৃষক তথ্য ছক” পূরণ করে **(সফটকপি ও হার্ডকপি)** অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ২৪/০৩/২০২৫...... খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০১(এক) কপি কৃষক অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১২.০৩.২৫

(শারমিন আক্তার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।